

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/5/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো এমন আইনে স্বাক্ষর করেন যেখানেডেথ সার্টিফিকেটে মাত্রাতিরিক্ত আফিম সেবন নির্দিষ্টভাবে উল্লেখ করা আবশ্যিক

***S.1668/A.4915 আফিম সঙ্কটের কারণ আরো ভালোভাবে তদারক করতে এবং এটি মোকাবেলার জন্য জনস্বাস্থ্য আইন সংশোধন করে।***

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ আইন (S.1668/A.4915) এ স্বাক্ষর করেন যাতে মাত্রাতিরিক্ত আফিম সেবনের ক্ষেত্রে ডেথ সার্টিফিকেটে যদি জানা যায় তাহলে কোন আফিম জড়িত ছিল তা উল্লেখ করা আবশ্যিক হবে। এই নতুন আইনে আবশ্যিক যে এমন তথ্য লিপিবদ্ধ করে রাখতে হবে যাতে আফিম সঙ্কট আরও ভালোভাবে মোকাবেলা করতে আরও ডেটা পাওয়া যায়।

"নিউ ইয়র্ক দেশের যেকোনো স্টেটের আফিম সঙ্কট মোকাবেলায় সবচেয়ে অদম্য পদক্ষেপ নিয়েছে," **গভর্নর কুওমো বলেন।** "এই কমনসেন্স আইন অনেক দূর যাবে যা নিশ্চিত করবে যে এই জনস্বাস্থ্য সম্পর্কিত বিষয়টি এক বার এবং চিরতরে বন্ধ করতে সক্ষম হওয়ার জন্য আমাদের কাছে সবচেয়ে সঠিক তথ্য আছে।"

বর্তমান আইনের অধীনে, যদি একজন ব্যক্তি মাত্রাতিরিক্ত আফিম সেবনে মারা যায়, তাহলে এমন কোনো শর্ত নেই যে ডেথ সার্টিফিকেটে কোন আফিম জড়িত ছিল তা উল্লেখ করতে হবে। আজকের স্বাক্ষরিত আইন অবিলম্বে কার্যকর হবে।

**সেটর জন ব্রুকস বলেন,** "আমরা যে আফিম সঙ্কটের মুখোমুখি তা অনেক দিন ধরে একটি উল্লেখযোগ্য সমস্যা হয়ে আছে। বর্তমানে এমন কোনো শর্ত নেই যে ডেথ সার্টিফিকেটে নির্দিষ্ট জড়িত আফিম অন্তর্ভুক্ত করতে হবে। এর ফলে কোন ধরনের আফিম সবচেয়ে মারাত্মক, সে সম্পর্কে তথ্যের অভাব হয়। এই তথ্য লিপিবদ্ধ করার মাধ্যমে, কোন আফিম সবচেয়ে বেশি মৃত্যু ঘটাবে তা আরো ভালোভাবে তদারক করতে এবং এই সঙ্কট মোকাবেলায় আরো চাহিদাসম্পন্ন কমিউনিটিগুলোকে সরঞ্জামের যোগান দিতে আরো তথ্য উপলব্ধ হবে। এই বিলে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই এবং এই বিষয়ে তার নেতৃত্বের জন্য তাকে ধন্যবাদ জানাই।"

**অ্যাসেম্বলি সদস্য কিম্বারলি জিন-পিয়েরে বলেন,** "ডেথ সার্টিফিকেটে কোন ধরনের আফিম মাত্রাতিরিক্ত সেবনের ফলে মৃত্যু ঘটেছে তা তালিকাভুক্ত করা বাধ্যতামূলক করার মাধ্যমে, আমরা আফিম ঘটিত মহামারি চিরতরে প্রতিহত ও বন্ধ করার জন্য আমাদের অস্ত্রাগারে আরো একটি

সরঞ্জাম পেয়েছি। আমি গভর্নর কুওমোকে এই গুরুত্বপূর্ণ বিধানকে আইনে পরিণত করতে তার সহায়তা ও স্বাক্ষরের জন্য তাকে ধন্যবাদ জানাই।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসারস্বাহিব করুন](#)